হৃদয়ে লাল সবুজ


# আমাদের সূর্যোদয়

বর্ষ ৪ ঃ সংখ্যা-১২ ঃ মেহেরপুর-শনিবার ২৫ অক্টোবর ২০২৫ ইং ঃ ৯ কার্তিক ১৪৩২ বাংলা ঃ ২ জমা ,আউ ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com




প্রেম ভালোবাসা বিতর্ক আর প্রতিবাদের নাম ‘পরীমনি’-পৃষ্ঠা-৩





গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

# মেহেরপুরে নতুন বিজিবি ব্যাটালিয়ন

## সীমান্ত সুরক্ষায় তিন জেলায় নতুন ইউনিট গঠন

নিজস্ব প্রতিবেদক

ভারতের সঙ্গে সীমান্ত সুরক্ষা আরও জোরদার করতে মেহেরপুরে গঠিত হচ্ছে একটি নতুন বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) ব্যাটালিয়ন। এ ব্যাটালিয়নসহ দেশের আরও দুটি সীমান্ত জেলা কুড়িগ্রামের ভূরুঙ্গামারী ও বান্দরবানের থানচিতেও নতুন ইউনিট স্থাপন করা হচ্ছে। এর মাধ্যমে সীমান্ত এলাকায় নজরদারি, আইনশৃঙ্খলা রক্ষা ও চোরাচালান দমন কার্যক্রম আরও গতিশীল হবে বলে জানিয়েছে সংশ্লিষ্ট সূত্র। সীমান্ত সুরক্ষার পাশাপাশি সীমান্তবাসীর নিরাপত্তা ও উন্নয়নমূলক কার্যক্রমে বিজিবির ভূমিকা শক্তিশালী করতে এই তিনটি নতুন ব্যাটালিয়ন অনুমোদন দিয়েছে সরকার। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সীমান্ত-১ শাখা থেকে গত মঙ্গলবার একটি প্রজ্ঞাপন জারি করা হয়, যাতে বলা হয় নতুন ব্যাটালিয়নগুলোর জন্য মোট ২ হাজার ২৫৮টি নতুন পদ সৃষ্টি করা হয়েছে। নতুন পদ সৃষ্টি ও কাঠামো প্রজ্ঞাপন অনুযায়ী, নবগঠিত ব্যাটালিয়নের পদগুলোর মধ্যে রয়েছে পরিচালক ৩টি, অতিরিক্ত পরিচালক ও উপপরিচালক ৯টি করে, সহকারী পরিচালক ৩টি, সুবেদার মেজর ৩টি, সুবেদার ১৮টি, নায়েব সুবেদার ৫৭টি, হাবিলদার ২৪০টি, নায়েক ২৮৫টি, ল্যান্স নায়েক ৩২৭টি, সিপাহি ১,২২১টি। এ ছাড়া বেসামরিক পদ হিসেবে ইমাম, হিসাবরক্ষক, মিডওয়াইফ, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, অফিস সহায়কসহ আরও কয়েকটি পদ অনুমোদন দেওয়া হয়েছে। বর্তমানে বিজিবির মোট জনবল ৫৭ হাজার ৪৭৭ জন। নতুন ব্যাটালিয়ন তিনটির ২,২৫৮টি পদ যুক্ত হলে এই সংখ্যা দাঁড়াবে ৫৯ হাজার ৭৩৫ জনে। এর মধ্যে মেহেরপুর ব্যটলিয়নে থাকবে ৭৪২ জন। স্বরাষ্ট্র মন্ত্রণালয়

২-এর পৃষ্ঠা দেখুন

# মাঠ সংকটে থেমে যাচ্ছে তরুণদের স্বপ্ন

নিজস্ব প্রতিবেদক

একসময় বিকেল নামলেই মেহেরপুর শহর কিংবা গ্রামের প্রান্তে প্রতিটি মাঠে জমে উঠত খেলাধুলার আসর। ফুটবলে দৌড়াত কিশোররা, ক্রিকেটে বল ছুড়ত তরুণরা। দর্শকসারিতে বসে উৎসাহ দিতেন বয়স্করাও। সেই প্রাণচাঞ্চল্যে মুখর সময় এখন অতীত। মাঠের জায়গায় উঠছে দালান, ব্যবসা প্রতিষ্ঠান, কখনও বা সরকারি স্থাপনা। ফলে খেলাধুলার জায়গা হারিয়ে পড়ছে ক্রীড়াঙ্গন সংকটে। জেলা শহরের একমাত্র বড় গণমাঠ মেহেরপুর সরকারি উচ্চ বালক বিদ্যালয়ের মাঠ, সেটিও বছরের অধিকাংশ সময় দখলে থাকে বিভিন্ন অনুষ্ঠান,



মেলা কিংবা অন্য কোন সমাবেশে। গাংনী ও মুজিবনগর উপজেলার অবস্থাও ভিন্ন নয়। স্কুল-কলেজের মাঠগুলোও নানা সীমাবদ্ধতায় সাধারণ খেলোয়াড়দের জন্য বন্ধ। গ্রামীণ মাঠগুলো চাষাবাদের জন্য ব্যবহার হচ্ছে। গাংনীর তরুণ ফুটবলার রাকিবুল ইসলাম বলেন, “খেলার আগ্রহ আছে, কিন্তু জায়গা নেই। স্কুলের মাঠে গেলে শিক্ষকরা অনুমতি দেন না। বাধ্য হয়ে রাস্তায় খেলি। তাতে না হয় দুর্ঘটনার ভয় থাকে, না হয় লোকজনের অভিযোগ।” হারিয়ে যাচ্ছে প্রতিভা, থেমে যাচ্ছে ক্রীড়া ঐতিহ্য এক সময় বিভাগীয় পর্যায়ে মেহেরপুরের ফুটবল, ভলিবল ও ক্রিকেট দলগুলো দারুণ সাফল্য দেখিয়েছে। স্থানীয় ক্লাবগুলো নিয়মিত আয়োজন করত আন্তঃক্লাব টুর্নামেন্ট। কিন্তু এখন মাঠ সংকট ও আর্থিক অনটনে সেই ধারাবাহিকতা নেই।

২-এর পৃষ্ঠা দেখুন





## জেনারেল হাসপাতালে উন্নয়ন পরিকল্পনা নিয়ে ব্যবস্থাপনা কমিটির সভা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেনারেল হাসপাতালের সার্বিক সেবা মান উন্নয়ন, দালাল চক্র নির্মূল ও অবকাঠামোগত অগ্রগতি নিয়ে ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। গতকল শুক্রবার সকাল ১০টার দিকে হাসপাতালের হলরুমে এ সভা হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে বিএনপির গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের খোকসা গ্রামে বিএনপির গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার মাগরিবের নামাজের পর প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে গণসংযোগ শুরু করা হয়। মুহূর্তের নেতৃত্ব দেন মেহেরপুর সদর উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক ও আমঝুপি ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান সাইফুল ইসলাম, সমাজ সেবক ও বিএনপি নেতা শফিকুল ইসলাম। এছাড়া উপস্থিত ছিলেন বিএনপির নেতা ও মেম্বার তৌফিকুল ইসলাম, রানা, লিটন, ছাত্রদলের সদর উপজেলার সদস্য সচিব শেখ

২-এর পৃষ্ঠা দেখুন





## গাংনীতে গনি শাহের মাজারে লুটপাট

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার যুগিরগোফা গ্রামের গনি শাহের মাজারে দুর্বৃত্তদের লুটপাটের ঘটনা ঘটেছে। গতকাল বৃহস্পতিবার গভীর রাতে মাজারের বাঁশের তৈরি বেষ্টনী ভেঙে দুইটি গিলাফ এবং দানবাক্সের টাকা চুরি করে দুর্বৃত্তরা। দানবাক্সটি মাটিতে ফেলে রেখে যায়।
স্থানীয়দের অভিযোগ, প্রতি বৃহস্পতিবার মাজারে শিরনী দেওয়া হয়। অনুষ্ঠান শেষ হওয়ার পর রাতেই সবাই বাড়ি ফিরে গেলে পরদিন

২-এর পৃষ্ঠা দেখুন

## দৌলতপুরে সৎ ভাইকে হত্যা

নিজস্ব প্রতিবেদক.কুষ্টিয়া

কুষ্টিয়ার দৌলতপুরে সৎ ভাইয়ের বিরুদ্ধে আরেক ভাইকে হত্যার অভিযোগ উঠেছে। হত্যার শিকার ওই ব্যক্তির নাম জাহিদুল ইসলাম। এ ঘটনায় আরও তিনজন আহত হয়েছেন। গতকাল শুক্রবার দুপুরে উপজেলার প্রাগপুর ইউনিয়নের রঘুনাথপুর গ্রামে এ ঘটনা ঘটে। নিহত জাহিদুল ইসলাম ওই এলাকার মহির উদ্দিন ভেলু মণ্ডলের দ্বিতীয় স্ত্রীর ছেলে। স্থানীয়রা ও পুলিশ জানিয়েছে, সকালে জমি ভাগ-বাটোয়ারা নিয়ে মিহির উদ্দিন ভেলু মণ্ডলের দুই স্ত্রীর সন্তানদের মধ্যে কথা কাটাকাটি হয়। একপর্যায়ে প্রথম স্ত্রীর ছেলেরা দ্বিতীয় স্ত্রীর

২-এর পৃষ্ঠা দেখুন





## র‍্যাবের অভিযানে ইয়াবা উদ্ধার

নিজস্ব প্রতিবেদক

চুয়াডাঙ্গা সদর থানা এলাকায় র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)-১২, সিপিসি-৩, মেহেরপুরের অভিযান পরিচালনা করে ৭৫ পিচ ইয়াবা ট্যাবলেট সহ একজনকে আটক করেছে। আটক আবদুর রাজ্জাক চুয়াডাঙ্গার আলমডাঙ্গা থানার নতিডাঙ্গা, বারাদি গ্রামের মোঃ আমির খাঁর ছেলে। র‍্যাব-১২, সিপিসি -৩ গাংনী এর কোম্পানী কমান্ডার লেফটেন্যান্ট ওয়াহিদুজ্জামান প্রেস বিজ্ঞপ্তিতে জানান, গতকাল শুক্রবার চুয়াডাঙ্গা পৌরসভার বড়বাজার এলাকায় র‍্যবর একটি দল অভিযান

২-এর পৃষ্ঠা দেখুন



## কল্যাণপুরে অগ্নিকাণ্ড: দুই পরিবারে প্রশাসনের সহায়তা

নিজস্ব প্রতিবেদক


মেহেরপুরের গাংনী উপজেলার তেতুলবাড়িয়া ইউনিয়নের কল্যাণপুর গ্রামে অগ্নিকাণ্ডে দুই পরিবারের ঘর পুড়ে ছাই হয়ে গেছে।গত রবিবার আগুনে ক্ষতিগ্রস্ত হন আবুল কাশেমের ছেলে মুকুল ও বখতিয়ারের পরিবার। ঘটনার পর গাংনী উপজেলা প্রশাসন দ্রুত পদক্ষেপ নেয়।গতকাল শুক্রবার দুপুরে উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) আনোয়ার হোসেন ঘটনাস্থলে উপস্থিত থেকে দুই পরিবারের মাঝে খাদ্য সামগ্রী ও নগদ অর্থ বিতরণ করেন। উপজেলা প্রশাসনের এ সহায়তা ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন ও দৈনন্দিন জীবনে সহায়ক ভূমিকা

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরের আলোকবর্তিকা সাবদার আলী বিশ্বাস

মুহম্মদ মহসীন

শিক্ষা মানুষের জীবনের আলোকধারা। সেই আলোর দীপ শিখা হয়ে আজও মেহেরপুরের মানুষ স্মরণ করে মহান শিক্ষানুরাগী সাবদার আলী বিশ্বাসকে। তিনি বিশ্বাস করতেন, শিক্ষা সভ্যতার মূল সমীকরণ, সমাজ ও রাষ্ট্র গঠনের ভিত্তি। তাঁর জীবন লক্ষ্য ছিল একটাই শিক্ষার আলো ঘরে ঘরে পৌঁছে দেওয়া। সাবদার আলী বিশ্বাসের জন্ম ১৯০৭ সালের জুলাই মাসে, তৎকালীন পশ্চিমবঙ্গের নদীয়া জেলার টেহট্ট থানার গরীবপুর গ্রামে। তিনি কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে এমএ ও এলএলবি পাশ করেন।



পরবর্তীতে লন্ডনে ব্যারিস্টারি পড়ার প্রস্তুতি নিলেও পারিবারিক এক মৃত্যুর কারণে সেই স্বপ্ন অপূর্ণ থেকে যায়। উল্লেখযোগ্য, নদীয়া জেলার প্রথম মুসলিম গ্রাজুয়েট ছিলেন তিনি। দেশ ভাগের পর তিনি স্থায়ীভাবে বসতি স্থাপন করেন মেহেরপুরের বডিপোতা গ্রামে এবং এখান থেকেই

২-এর পৃষ্ঠা দেখুন



## বিদ্যুৎস্পৃষ্টে নিহতের পরিবারকে জামায়াতে’র অর্থ সহায়তা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়নের বাবুপুর গ্রামে বিদ্যুৎস্পৃষ্টে নিহত আমজাদ হোসেনের পরিবারের পাশে দাঁড়িয়েছে মেহেরপুর জেলা জামায়াতে ইসলামী। মানবিক সহায়তার অংশ হিসেবে নিহতের পরিবারকে ৫০ হাজার টাকা আর্থিক অনুদান প্রদান করা হয়েছে।
শুক্রবার বিকেল ৪টায় বাবুপুর গ্রামে নিহতের বাড়িতে গিয়ে এ সহায়তা প্রদান করেন মেহেরপুর জেলা জামায়াতে ইসলামীর আমির মাওলানা তাজউদ্দিন খান। এ সময় উপস্থিত ছিলেন মহাজনপুর ইউনিয়ন

২-এর পৃষ্ঠা দেখুন

## জুলাই আন্দোলনে সরকারের ভুল স্বীকার করলেন জয়

সূর্যোদয় প্রতিবেদন



জুলাই আন্দোলনে পদক্ষেপ গ্রহণে সরকারের ভুল ছিল বলে স্বীকার করেছেন ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছেলে ও তার তথ্যপ্রযুক্তি উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়। বৃহস্পতিবার (২৩ অক্টোবর) যুক্তরাষ্ট্রভিত্তিক সংবাদ সংস্থা অ্যাসোসিয়েটেড প্রেস (এপি)-কে দেওয়া

২-এর পৃষ্ঠা দেখুন


**মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ**
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১


**অনুবাক্য**
**মামুনুর রশিদ মামুন**
**খবর (রায়পুর ইউপিতে ভাঙচুর ও চাল লুট)**

মেম্বার হোলি লোকের ভোটে
ক্ষমতার জোর কত
ইউনিয়নের আসবাবপত্র
ভাঙলি তুই যত।
লুট করলি গরীবের চাল
করলি লুট কাগজপত্র
হিসাব করে রাখবি তুই
সব মিলিয়ে মূল্য হবে কত।
নির্বাচিত করি মহিলা
ক্ষমতা দেখায় স্বামী
যত কিছু করার লাগে
মেম্বার হলাম আমি।
সরকারি চাল লুট করা
অপরাধ হলো অনেক বড়
আইনের কলে পেড়ে তারে
শাস্তির আওতায় আনো।





## আলমডাঙ্গায় যৌথ অভিযানে অস্ত্রসহ আটক দুই

নিজস্ব প্রতিবেদক.চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলায় যৌথ বাহিনীর অভিযান চালিয়ে দুটি ০.২২ ক্যালিবারের রাইফেল, রাইফেলের স্কোপ ও চারটি দেশীয় ধারালো অস্ত্রসহ দুইজনকে আটক করা হয়েছে। অভিযান পরিচালনা করেন আলমডাঙ্গা সেনা ক্যাম্পের ক্যাপ্টেন সৌমিক আহমেদ অয়ন।

২-এর পৃষ্ঠা দেখুন



## ইহসানুন দরবারে ওরস মোবারক

নিজস্ব প্রতিবেদক

প্রয়াত সুফি সাধক হযরত রফিকুল ইসলাম আল চিশতী নিজামী (রহঃ)-এর প্রাণপ্রিয় মুর্শিদ, সুফি সাধক হযরত নেয়ামত উল্লাহ্ আল চিশতী

২-এর পৃষ্ঠা দেখুন



## আরআই বাকীকে এএসপি পদে পদোন্নতি

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর পুলিশ লাইন্সে রিজার্ভ ইন্সপেক্টর (আরআই) মোঃ আফজাল হোসেন বাকীকে পুলিশ পরিদর্শক থেকে সহকারী পুলিশ সুপার (এএসপি) পদে পদোন্নতি দেওয়া হয়েছে। পুলিশ সুপার মোঃ মনজুর আহমেদ সিদ্দিকী তাকে নতুন পদমর্যাদার র‍্যাংক ব্যাজ পরিয়ে দেন। এ সময় অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) জামিনুর রহমান খান

২-এর পৃষ্ঠা দেখুন


সু- খবর সু- খবর সু- খবর
আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।
আমাদের কাছে পাচ্ছেন -
■ অথেনটিক প্রোডাক্ট
■ সেরা দাম
■ নির্ভরযোগ্য সেবা
মোবাইল স্টেশন
তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।
আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন প্রধান সড়ক, মেহেরপুর
হেল্পলাইন: ০১৭১২৫১১১৮১
আপনার হাতে থাকা পুরোনো মোবাইল ফোনটি এক্সচেঞ্জ করতে পারেন খুব সহজেই।
■ বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় রিফারবিষ্ট বা ক্লোন মোবাইলবিক্রি করিনা।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ শনিবার ॥ ৯ কার্তিক ১৪৩২ বাংলা ॥ ২৫ অক্টোবর ২০২৫ইং

# সমুদ্রপথে রাশিয়ার তেল কেনা বন্ধ করলো চীন

সূর্যোদয় প্রতিবেদন

যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞার মুখে সমুদ্রপথে রাশিয়ার তেল কেনা বন্ধ করেছে চীনের রাষ্ট্রায়ত্ত কোম্পানিগুলো। মার্কিন নিষেধাজ্ঞায় রাশিয়ার শীর্ষ দুই তেল কোম্পানি রসনেফট ও লুকওয়েল তালিকাভুক্ত হওয়ার পর এই সিদ্ধান্ত নেয় চীনের জ্বালানি খাতের শীর্ষ প্রতিষ্ঠানগুলো। বৃহস্পতিবার (২৩ অক্টোবর) একাধিক বাণিজ্যিক সূত্রের বরাতে আন্তর্জাতিক সংবাদমাধ্যমগুলো এ তথ্য জানিয়েছে। মার্কিন অর্থমন্ত্রী স্কট বেসেন্ট জানিয়েছেন, ইউক্রেন যুদ্ধ বন্ধ ও শান্তি চুক্তির জন্য মস্কোকে চাপ দিতে রাশিয়ার ওই দুটি বৃহৎ তেল কোম্পানির ওপর নতুন নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে।

এর আগে রাশিয়ার অন্যতম বড় তেল ক্রেতা ভারতও যুক্তরাষ্ট্রের পদক্ষেপ অনুসরণ করে রুশ তেল আমদানি কমানোর ঘোষণা দেয়। ফলে চীন ও ভারতের এই সিদ্ধান্ত রাশিয়ার তেল রাজস্বে বড় ধাক্কা দেবে বলে ধারণা করা হচ্ছে। এতে বৈশ্বিক বাজারে বিকল্প সরবরাহের চাপে তেলের দামও বাড়তে পারে। বাণিজ্যিক সূত্রগুলো জানিয়েছে, চীনের চার রাষ্ট্রায়ত্ত তেল কোম্পানি - পেট্রোচায়না, সিনোপেক, সিএনওওসি এবং ঝেনহুয়া অয়েলড় আপাতত সমুদ্রপথে রুশ তেল কেনাবেচা বন্ধ রেখেছে। তারা আশঙ্কা করছে, নিষেধাজ্ঞা লঙ্ঘনের কারণে আন্তর্জাতিক আর্থিক ও পরিবহন ঝুঁকিতে পড়তে পারে।

যদিও কোম্পানিগুলো এ বিষয়ে এখনো কোনো আনুষ্ঠানিক মন্তব্য করেনি। চীন প্রতিদিন গড়ে ১৪ লাখ ব্যারেল রুশ তেল সমুদ্রপথে আমদানি করে, যার বড় অংশ আসে ক্ষুদ্র স্বাধীন রিফাইনারি বা তথাকথিত 'টিপট' কোম্পানির মাধ্যমে। তেল বিশ্লেষণ সংস্থা ভরটেক্সা অ্যানালিটিকস জানায়, ২০২৫ সালের প্রথম নয় মাসে চীনের রাষ্ট্রীয় কোম্পানিগুলোর রুশ তেল ক্রয় দৈনিক ২ লাখ ৫০ হাজার ব্যারেলের কম ছিল। তবে পরামর্শক সংস্থা এনার্জি অ্যাসপেক্টস বলছে, এই সংখ্যা দৈনিক প্রায় ৫ লাখ ব্যারেল পর্যন্ত হতে পারে। চীনের রাষ্ট্রীয় তেল কোম্পানি সিনোপেকের বাণিজ্যিক শাখা ইউনিপেক গত

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## পেঁপে খাওয়ার যত উপকার

সূর্যোদয় প্রতিবেদক

পেঁপে একটি সহজলভ্য ফল। যা শুধু স্বাদে নয়, গুণেও অনন্য। কাঁচা বা পাকাড়দুই অবস্থাতেই এই ফল শরীরের জন্য অত্যন্ত উপকারী। নিয়মিত পেঁপে খেলে নানা রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ে। বিশেষ করে ত্বক উজ্জ্বল থাকে এবং হজম প্রক্রিয়ায় সাহায্য করে। বিশেষজ্ঞদের মতে, পেঁপেতে থাকা এনজাইম 'প্যাপেইন' হজমে সাহায্য করে। এটি প্রোটিন ভাঙতে সহায়তা করে, ফলে গ্যাস্ট্রিক ও কোষ্ঠকাঠিন্যের সমস্যা দূর হয়। পাকা পেঁপেতে আছে প্রচুর পরিমাণে ভিটামিন এ, যা চোখের দৃষ্টি শক্ত রাখে এবং ত্বক সুন্দর রাখতে সাহায্য করে। এছাড়া পেঁপেতে থাকা ভিটামিন সি শরীরের রোগপ্রতিরোধ ক্ষমতা বাড়ায়, সংক্রমণ প্রতিরোধ করে এবং ত্বকের উজ্জ্বলতা বজায় রাখে। অ্যান্টিঅক্সিডেন্ট থাকার কারণে এটি কোলেস্টেরল কমাতে এবং হৃদরোগের ঝুঁকি হ্রাস করতেও ভূমিকা রাখে। নারীদের জন্য পেঁপে বিশেষ উপকারী। এটি অনিয়মিত পিরিয়ড দূর করতে সাহায্য করে এবং শরীরের হরমোনের ভারসাম্য রক্ষা করে। অন্যদিকে কাঁচা পেঁপে রান্না করে খেলেও তা ওজন কমাতে এবং শরীর থেকে টক্সিন দূর করে। তবে অতিরিক্ত পেঁপে খাওয়া ঠিক নয়। বিশেষ করে গর্ভবতী নারীদের কাঁচা পেঁপে খাওয়া ঠিক না, কারণ এতে থাকা কিছু উপাদান জরায়ুর সংকোচন বাড়াতে পারে।



## ইসকন নিষিদ্ধসহ ৬ দাবিতে ইন্তিফাদার বিক্ষোভ

সূর্যোদয় প্রতিবেদন

ইসকন নিষিদ্ধসহ ছয় দফা দাবি তুলে বিক্ষোভ সমাবেশ করেছে ইন্তিফাদা বাংলাদেশ। শুক্রবার (২৪ অক্টোবর) বাদ জুমা রাজধানীর বায়তুল মোকাররম জাতীয় মসজিদের উত্তর গেটে এ সমাবেশের আয়োজন করে সংগঠনটি। উগ্র হিন্দুত্ববাদ, ইসলাম অবমাননা, রাষ্ট্রীয় নিষ্ক্রিয়তা ও প্রশাসনের পক্ষপাতমূলক আচরণের অভিযোগ এনে এ কর্মসূচি পালন করা হয়। বিক্ষোভ সমাবেশে ইন্তিফাদা বাংলাদেশের পক্ষ থেকে যে ছয়টি দাবি জানানো হয়, তা হলো, ১. ইসকন নিষিদ্ধ ঘোষণা করা; ২. গাজীপুরে মাদরাসাছাত্রী ধর্ষণ মামলায় ভিকটিমকে দোষারোপ বন্ধ করে পুলিশ ও প্রশাসনের আচরণের স্বচ্ছতা নিশ্চিত করা; ৩. ধর্ষক ও সহায়তাকারীদের দ্রুত গ্রেফতার ও কঠোর শাস্তি নিশ্চিত করা; ৪. টঙ্গী এলাকায় অপহরণ ও হত্যার ঘটনায় দ্রুত ও

২-এর পৃষ্ঠা দেখুন

## কয়েকটি রাজনৈতিক দলের চাপে সরকার দিশেহারা: মঞ্জু

সূর্যোদয় প্রতিবেদন

অন্তর্বর্তীকালীন সরকার নিরপেক্ষতার পরীক্ষায় উত্তীর্ণ হতে পারেনি বলে মন্তব্য করেছেন এবি পার্টির চেয়ারম্যান মজিবুর রহমান মঞ্জু। তিনি বলেন, সরকার একবার একদলকে, আবার আরেকদলকে খুশি করার নীতি গ্রহণ করেছে, যার ফলে তাদের কর্মকাণ্ড এখন দিশেহারা অবস্থায় রয়েছে। শুক্রবার (২৪ অক্টোবর) সকালে ঝিনাইদহ সফরকালে শহরের একটি রেস্তোরাঁয় স্থানীয় সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এ মন্তব্য করেন। এবি পার্টির চেয়ারম্যান বলেন, "গণঅভ্যুত্থানের পর প্রশাসনকে সুষ্ঠুভাবে পুনর্গঠন করা যায়নি। নানামুখী বিশৃঙ্খলার কারণে এখনো নিশ্চিত নয় যে নির্বাচন সুষ্ঠু হবে কি না। বিএনপিজামায়াতএনসিপির দ্বন্দ্বে আইনশৃঙ্খলা বাহিনীও কার্যকর

৩-এর পৃষ্ঠা দেখুন



## নির্বাচনে আ.লীগের অংশগ্রহণে বিদেশি চাপ নেয়- প্রেস সচিব

সূর্যোদয় প্রতিবেদন

আগামী জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগের অংশগ্রহণ ও বিদেশি চাপ প্রসঙ্গে প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম বলেছেন, "নির্বাচন কমিশন বারবার বলেছেড়আওয়ামী লীগ নির্বাচন করতে পারবে না। এ বিষয়ে সরকারের ওপর কোনো দেশি-বিদেশি চাপ নেই। বরং বিদেশিরা অবাকড়জুলাই আন্দোলনে এত বড় হত্যাযজ্ঞের পরও তারা অনুতপ্ত নয়।" শুক্রবার (২৪ অক্টোবর) সকালে মাগুরা শহরের পারনান্দুয়ালি এলাকায় নবগঙ্গা পার্কে নির্মিত জুলাই স্মৃতিস্তম্ভ পরিদর্শন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন। প্রেস সচিব শফিকুল আলম বলেন, "ফেব্রুয়ারির নির্বাচনের বিষয়ে সব দলই একমত। এবারের ভোটে জনগণ উৎসাহের সঙ্গে অংশ নেবে, কারণ অতীতে তারা ভোট দিতে পারেনি।"

২-এর পৃষ্ঠা দেখুন

## বিএনপি ক্ষমতায় এলে প্রধানমন্ত্রী কে হবেন, জানালেন ফখরুল

সূর্যোদয় প্রতিবেদন

আগামী ফেব্রুয়ারির প্রথমার্ধে অনুষ্ঠিত হতে যাচ্ছে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন। কারা আসছে ক্ষমতায়, কে হবেন দেশের পরবর্তী প্রধানমন্ত্রী এ নিয়েই এখন সরগরম দেশের রাজনীতি। আলোচনার কেন্দ্রবিন্দুতে রয়েছে বিএনপি, যারা একাধিকবার রাষ্ট্র পরিচালনার অভিজ্ঞতা সম্পন্ন অন্যতম বড় রাজনৈতিক দল। বিএনপি যদি ক্ষমতায় আসে, কে হবেন প্রধানমন্ত্রী এমন প্রশ্নের জবাব দিয়েছেন দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। সম্প্রতি রাষ্ট্রীয় বার্তা সংস্থা বাসস-কে দেওয়া এক সাক্ষাৎকারে বিএনপি মহাসচিব বলেন, "দেশনেত্রী বেগম খালেদা জিয়া যদি নির্বাচনে অংশ নিতে পারেন এবং নিজেকে প্রধানমন্ত্রীর জন্য উপযুক্ত মনে করেন, তাহলে অবশ্যই তিনিই

২-এর পৃষ্ঠা দেখুন



## জুলাই সনদ বাস্তবায়ন: সংসদকে বাধ্য করার উপায় খুঁজছে কমিশন

সূর্যোদয় প্রতিবেদন

জুলাই জাতীয় সনদের সংবিধান-সংক্রান্ত সুপারিশগুলো বাস্তবায়নকে টেকসই করতে আগামী জাতীয় সংসদকে দ্বৈত ভূমিকা দেওয়ার প্রস্তাব করছে জাতীয় ঐকমত্য কমিশন। প্রস্তাব অনুযায়ী, নির্বাচনের মাধ্যমে গঠিত পরবর্তী সংসদ নিয়মিত আইনসভার পাশাপাশি ২৭০ দিন (৯ মাস) সংবিধান সংস্কার পরিষদ হিসেবে কাজ করবে। এই সময়ের মধ্যেই সনদের সংস্কার প্রস্তাব বাস্তবায়নে সংসদকে বাধ্য করার উপায় খুঁজছে কমিশন।

জুলাই সনদ বাস্তবায়নের খসড়া চূড়ান্ত করতে পরপর দুদিন বিশেষজ্ঞদের সঙ্গে বৈঠক করেছে ঐকমত্য কমিশন। বৃহস্পতিবার সংসদ ভবনে অনুষ্ঠিত দ্বিতীয় দিনের বৈঠক চলে বিকেল ২টা থেকে

৩-এর পৃষ্ঠা দেখুন



## চট্টগ্রামে বাংলাদেশকে 'দেখে নেওয়ার হুমকি' ওয়েস্ট ইন্ডিজের

সূর্যোদয় প্রতিবেদন

মিরপুরে একপেশে ম্যাচে ১৭৯ রানের বিশাল জয়ে ওয়ানডে সিরিজ নিজেদের করে নিয়েছে বাংলাদেশ। তিন ম্যাচের সিরিজে ২-১ ব্যবধানে হেরে গিয়েছে ওয়েস্ট ইন্ডিজ। তবে সিরিজ শেষে হারের ক্ষোভ যেন লুকাতে পারলেন না ক্যারিবীয় অধিনায়ক শাই হোপ।

৩-এর পৃষ্ঠা দেখুন

## যুক্তরাষ্ট্রকে পুতিনের হুঁশিয়ারি

সূর্যোদয় প্রতিবেদন

যুক্তরাষ্ট্র বা অন্য কোনো বিদেশি শক্তির চাপের কাছে রাশিয়া কখনো নতি স্বীকার করবে না বলে কড়া হুঁশিয়ারি দিয়েছেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। তিনি স্পষ্টভাবে বলেন, রাশিয়ার অভ্যন্তরে কোনো সামরিক হামলা হলে দেশটি "অপ্রতিরোধ্য ও ভয়াবহ প্রতিক্রিয়া" দেখাবে। ব্রিটিশ সংবাদমাধ্যম রয়টার্স জানিয়েছে, বৃহস্পতিবার (২৪ অক্টোবর) মস্কোয় এক সংবাদ সম্মেলনে পুতিন এ মন্তব্য করেন। পুতিনের এই বক্তব্য আসে এমন এক সময়ে, যখন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইউক্রেন যুদ্ধ ইস্যুতে রাশিয়ার দুটি বৃহত্তম তেল কোম্পানির

৩-এর পৃষ্ঠা দেখুন



## দূষণ কমাতে কৃত্রিম বৃষ্টি নামাচ্ছে দিল্লি

সূর্যোদয় প্রতিবেদন

বায়ুদূষণের ভয়াবহতা মোকাবিলায় প্রথমবারের মতো রাজধানী নয়াদিল্লিতে কৃত্রিম বৃষ্টি বা মেঘ বীজায়ন প্রযুক্তি ব্যবহার শুরু করেছে ভারত সরকার। ঘন ধোঁয়াশা ও বিপজ্জনক দূষণ মাত্রা কমাতে

৩-এর পৃষ্ঠা দেখুন

## ভারতে মোটরসাইকেলের সঙ্গে সংঘর্ষে চলন্ত বাসে আগুন, নিহত ২৫

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের অন্ধ্রপ্রদেশ রাজ্যের কুর্নুল জেলায় ভয়াবহ সড়ক দুর্ঘটনায় অন্তত ২৫ জন নিহত হয়েছেন। শুক্রবার (২৪ অক্টোবর) ভোর সাড়ে তিনটার দিকে এ মর্মান্তিক দুর্ঘটনা ঘটে। আন্তর্জাতিক সংবাদমাধ্যম আলজাজিরা জানায়, কুর্নুলের চিন্নাটেকুর এলাকায় হায়দরাবাদ থেকে বেঙ্গালুরুগামী একটি যাত্রীবাহী বাস চলন্ত অবস্থায় মোটরসাইকেলের সঙ্গে সংঘর্ষে আগুনে পুড়ে যায়। বাসটিতে প্রায় ৪৪ জন যাত্রী ছিলেন। আহতদের স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়েছে। কর্তৃপক্ষ

৩-এর পৃষ্ঠা দেখুন

জামান বস্ত্রালয়

আপনার আস্থার পোশাকের ঠিকানা

- সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
- জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
- সালোয়ার–কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
- ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
- ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা

একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!

ঠিকানা: বড়বাজার, মেহেরপুর

যোগাযোগ: 01718 552784, 01673 980044

প্রযুক্তি

## অ্যাপলের নতুন আইফোন সবচেয়ে পাতলা স্মার্টফোন

সূর্যোদয় প্রতিবেদন

প্রযুক্তি জগতে এক নতুন অধ্যায়ের সূচনা করেছে অ্যাপল। প্রতিষ্ঠানটি সম্প্রতি তাদের নতুন ও সবচেয়ে পাতলা স্মার্টফোন আইফোন এয়ার উন্মোচন করেছে। অ্যাপলের প্রধান শিল্প ডিজাইনার আবিদুর চৌধুরী এই নতুন ডিভাইসটিকে 'ভবিষ্যতের একটি টুকরো' হিসেবে বর্ণনা করেছেন।

গড়ন: আগের মডেলগুলোর তুলনায় এক-তৃতীয়াংশ কম পুরু। ক্যামেরা: একক ক্যামেরা, টেলিফটো লেন্স ও এআই প্রযুক্তির মাধ্যমে ছবি তোলার মান উন্নত। ব্যাটারি: ছোট হলেও ব্যাটারি-সেভিং সফটওয়্যারের কারণে সারা দিনের ব্যাটারি লাইফ। মূল্য: ২৫৬ জিবি মডেলের দাম ৯৯৯ মার্কিন ডলার। আবিদুর চৌধুরী



লন্ডনে জন্মগ্রহণ ও বেড়ে ওঠেন এবং বর্তমানে সান ফ্রান্সিসকোতে বসবাস করছেন। তিনি লন্ডনের লাফবারো ইউনিভার্সিটি থেকে প্রোডাক্ট ডিজাইন অ্যান্ড

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক

ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব

মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।

পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা

সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫

মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১

নিয়মিত রোগী দেখেন

শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অস্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)

প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।

মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।

মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়াবেটিক রোগ বিশেষজ্ঞ



ডা: মো: শাহিনুর রশিদ

এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।

চিকিৎসা সেবা সমূহ

• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর □ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র □ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেষ্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।

নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।

রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর

সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308

দিন রাত মানবিক সেবার নিশ্চয়তা

কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব

মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে (আসিফ প্লাজা ২ য় তলা)

সিরিয়ালের জন্য : ০১৭৫৭-৮২৮২৭৮

ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল



এমবিবিএস ,বিসিএস(স্বাস্থ্য) এফ.সি.পি.এস (ইউরোলজি) ,এম.স (ইউরোলজি)বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন

কিডনী, মুত্রথলী, মুত্রনালী, প্রোস্টেট গ্রান্থি, অন্ডেকোষ, পুরুষ প্রজাননতন্ত ও ফিমেল ইরোলজি বিশেষজ্ঞ ও সার্জন।

রোগী দেখোর সময় : দুপুর ২ টা হতে রাত ৮ টা

শনি ও রবিবার

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, শনিবার, ২৫ অক্টোবর ২০২৫ ইং

## ইউপি কমপ্লেক্সে হামলা ও লুট: স্থানীয় শাসনে শৃঙ্খলা ফিরুক

গ্রামীণ প্রশাসন ও উন্নয়ন কার্যক্রমে ইউনিয়ন পরিষদ হলো জনগণের সবচেয়ে কাছের প্রতিষ্ঠান। এখান থেকেই তৃণমূলের সেবা, ত্রাণ ও উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন হয়। কিন্তু সাম্প্রতিক সময়ে ইউনিয়ন পরিষদগুলোতে ব্যক্তিগত ও রাজনৈতিক দ্বন্দ্ব যে মাত্রায় বেড়েছে, তা উদ্বেগজনক।

মেহেরপুরের গাংনী উপজেলার রাইপুর ইউনিয়ন পরিষদ কমপ্লেক্সে ভাঙচুর ও চাল লুটের অভিযোগ তার সাম্প্রতিক উদাহরণ। প্যানেল চেয়ারম্যান সারগিদুল ইসলাম অভিযোগ করেছেন, নারী সদস্য নারগিছ আক্তারের নেতৃত্বে একদল লোক ভিডব্লিউডি (ভিজিডি) কর্মসূচির চাল বিতরণের সময় হামলা চালিয়ে ৩৬ বস্তা চাল লুট করে এবং সরকারি কাগজপত্র নিয়ে যায়। অন্যদিকে অভিযুক্ত নারী সদস্য দাবি করেছেন, তার ওয়ার্ডের উপকারভোগীরা চাল না পেয়ে ক্ষুব্ধ ছিলেন তিনি বিষয়টি জানতে গেলে পরিস্থিতি উত্তপ্ত হয়। ঘটনার তদন্তে পুলিশ নামলেও ঘটনাস্থল থেকে বোমা সদৃশ কোনো বস্তু উদ্ধারের কথা অস্বীকার করেছে। এদিকে স্থানীয়দের প্রতিবাদ ও মানববন্ধন ইঙ্গিত দিচ্ছে ইউপি পরিচালনায় দ্বন্দ্ব এখন জনগণের ক্ষোভে রূপ নিচ্ছে। ভিজিডি কর্মসূচি দরিদ্র নারীদের খাদ্যনিরাপত্তা নিশ্চিতের জন্য সরকারের গুরুত্বপূর্ণ উদ্যোগ। সেখানে লুটপাট বা স্বজনপ্রীতির অভিযোগ উঠলে তা কেবল প্রশাসনিক দুর্বলতা নয়, সামাজিক আস্থারও সংকট সৃষ্টি করে। নির্বাচিত জনপ্রতিনিধিদের মধ্যে সহযোগিতার বদলে প্রতিদ্বন্দ্বিতা ও আধিপত্যের লড়াই গ্রামীণ শাসনব্যবস্থাকে অচল করে দিচ্ছে। এমন ঘটনায় প্রশাসনের দায়িত্ব শুধু মামলা নেওয়া নয়, বরং প্রকৃত সত্য উদঘাটন করে দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করা। একই সঙ্গে স্থানীয় সরকার মন্ত্রণালয়কেও ইউপি কার্যক্রমে স্বচ্ছতা ও শৃঙ্খলা নিশ্চিতের উদ্যোগ নিতে হবে। জনগণের টাকা ও সম্পদ ব্যবহারের স্থান হলো ইউনিয়ন পরিষদ। সেখানে সংঘর্ষ, ভাঙচুর বা লুটের ঘটনা কেবল আইনশৃঙ্খলার অবনতি নয়, এটি গণতান্ত্রিক মূল্যবোধেরও অবমাননা। স্থানীয় সরকার ব্যবস্থায় শৃঙ্খলা ও আস্থা ফিরিয়ে আনাই এখন সময়ের দাবি।

## মাঠ সংকটে থেমে যাচ্ছে তরুণদের

(প্রথম পৃষ্ঠার পর)

জেলা ক্রীড়া সংস্থার এক কর্মকর্তা বলেন, "খেলোয়াড় আছে, কিন্তু অবকাঠামো নেই। মাঠ না থাকলে প্রশিক্ষণ বা প্রতিযোগিতা আয়োজন সম্ভব হয় না। ফলে প্রতিভা তৈরি হচ্ছে না।" তিনি আরো বলেন, মেহেরপুর স্টেডিয়াম মাঠ টি সকল ক্রীড়ার জন্য উম্মুক্ত করে দেওয়া উচিত।

সহকারি অধ্যাপক ফররুখ আহমেদ বলেন "খেলাধুলা কেবল শারীরিক চর্চা নয় এটি চরিত্র গঠন ও সামাজিক সংহতির গুরুত্বপূর্ণ অংশ। কিন্তু মাঠ সংকটে তরুণরা মোবাইল গেম, নেশা ও অলসতায় ঝুঁকছে। এতে সমাজে নেতিবাচক প্রভাব পড়ছে।" শহরের এক অভিভাবক সামসুজ্জামান আক্ষেপ করে বলেন, "আগে ছেলেমেয়েরা বিকেলে মাঠে যেত, এখন ঘরে বসে মোবাইলে মগ্ন থাকে। মাঠ না থাকলে তারা কোথায় যাবে?"

ক্রীড়া প্রেমীরা বলছেন, মাঠ হারালে হারাবে প্রজন্মের শারীরিক ও মানসিক বিকাশের সুযোগ। জেলা প্রশাসন ও জনপ্রতিনিধিদের উদ্যোগে মাঠ সংরক্ষণ এবং নতুন খেলার জায়গা তৈরি না হলে পরিস্থিতি আরও খারাপ হবে। মেহেরপুরের প্রবীণ ক্রীড়া সংগঠক ফজলুল করিম বলেন,

"খেলাধুলা তরুণদের সুস্থ রাখে, সমাজে ঐক্য আনে। এখন যদি মাঠ রক্ষা না করা যায়, ভবিষ্যতে এই জেলা ক্রীড়া মানচিত্রে বিলীন হয়ে যাবে।"

বাংলাদেশের অন্যান্য জেলার মতো মেহেরপুরেও নগরায়ন ও ভূমি দখলের চাপে সংকুচিত হচ্ছে মাঠ। তরুণদের সৃজনশীলতা, স্বাস্থ্য ও সামাজিক অংশগ্রহণ বজায় রাখতে এখনই কার্যকর পদক্ষেপ নেওয়া জরুরি। নইলে মেহেরপুরের মতো ছোট জেলা হয়ে উঠবে ইট-পাথরের শহর যেখানে খেলাধুলার শব্দ হারিয়ে যাবে চিরতরে।

## মেহেরপুরে নতুন বিজিবি ব্যাটালিয়ন

(প্রথম পৃষ্টার পর)

সূত্রে জানা গেছে, প্রতিটি ব্যাটালিয়নে থাকবে ৭৪২ জন করে সদস্য, যারা সীমান্ত এলাকায় টহল, নজরদারি, গোয়েন্দা তৎপরতা ও সীমান্ত অপরাধ দমনে দায়িত্ব পালন করবে। মেহেরপুর জেলা ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যের নদীয়া ও পশ্চিমবঙ্গের চব্বিশ পরগনা জেলার সঙ্গে সীমান্তবর্তী। এই এলাকায় দীর্ঘদিন ধরেই সীমান্তে চোরাচালান, অনুপ্রবেশ ও মাদক পাচার একটি বড় চ্যালেঞ্জ। নতুন বিজিবি ব্যাটালিয়ন গঠন হলে এই সমস্যাগুলো মোকাবিলায় বিজিবি আরও শক্তিশালী ভূমিকা রাখতে পারবে।বিজিবি সূত্র জানায়, মেহেরপুরে নতুন ব্যাটালিয়ন স্থাপনের ফলে সীমান্ত টহল ও অপারেশন পরিচালনায় বাড়বে দক্ষতা ও গতি। এছাড়া স্থানীয় জনগণের মধ্যে নিরাপত্তাবোধও বৃদ্ধি পাবে।বিজিবির আধুনিকীকরণ ও কর্মপরিসর বৃদ্ধির অংশ হিসেবে সাম্প্রতিক বছরগুলোতে সরকার নতুন ব্যাটালিয়ন, প্রশিক্ষণ কেন্দ্র ও হাসপাতাল স্থাপন করেছে। নতুন এই তিন ব্যাটালিয়ন গঠনের মাধ্যমে সীমান্ত ব্যবস্থাপনায় আরও একটি গুরুত্বপূর্ণ অধ্যায় যুক্ত হলো। মেহেরপুরে নবগঠিত ব্যাটালিয়নের কার্যক্রম শুরু হলে সীমান্ত এলাকায় স্মার্ট নজরদারি ব্যবস্থা, ড্রোন ব্যবহারে পর্যবেক্ষণ ও সীমান্ত অপরাধ দমনে আধুনিক প্রযুক্তি ব্যবহারের পরিকল্পনাও রয়েছে বলে জানা গেছে।

## জেনারেল হাসপাতালে উন্নয়ন

(প্রথম পৃষ্টার পর)

প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মনির হায়দার। সভাপতিত্ব করেন হাসপাতালের সুপারিন্টেন্ডেন্ট ডা. শাহরিয়ার শায়লা জাহান। সভায় আরও উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক ( রাজস্ব) তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ, ডা. আব্দুস সালাম, ডা. অলোক কুমার দাস, এডভোকেট মারুফ আহমেদ বিজন, পাবলিক প্রসিকিউটর (পিপি) এ এস এম সাইদুল রাজ্জাক, মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফজলুল হক, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আজম প্রমুখ। আলোচনায় হাসপাতালের অডিটোরিয়াম নির্মাণ, আনসার সদস্য নিয়োগ, দালাল চক্র নির্মূল, রোগীদের সার্বিক সেবার মান বৃদ্ধি এবং হাসপাতালের পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখার ওপর গুরুত্ব দেওয়া হয়। প্রধান অতিথি মনির হায়দার বলেন, "মানসম্মত স্বাস্থ্যসেবা জনগণের মৌলিক অধিকার। হাসপাতালের কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে সবাইকে আন্তরিক হতে হবে।" সভায় হাসপাতালের উন্নয়ন কর্মকাণ্ড দ্রুত বাস্তবায়ন এবং সাধারণ মানুষের চিকিৎসা সুবিধা সহজলভ্য করতে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় দিকনির্দেশনাও দেওয়া হয়।

## মেহেরপুরে বিএনপির গণসংযোগ

(প্রথম পৃষ্টার পর)

ফজলে রাব্বীসহ স্থানীয় বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা। নেতৃবৃন্দ বলেন, দেশের বর্তমান সরকারের বিরুদ্ধে ঐক্যবদ্ধ গণআন্দোলন গড়ে তোলা প্রয়োজন। জনগণের ভোটাধিকার পুনঃপ্রতিষ্ঠার লক্ষ্যে বিএনপির আন্দোলনে সকলকে সম্পৃক্ত হতে আহ্বান জানান তারা।

## গাংনীতে গনি শাহের মাজারে লুটপাট

(প্রথম পৃষ্টার পর)

সকালে ভাঙচুর ও লুটপাটের চিহ্ন দেখা যায়। ভক্তরা দোষীদের দ্রুত শনাক্ত করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন। মাজারের খাদেম ইউসুফ আলী বলেন, "রাত ১১টার দিকে অনুষ্ঠান শেষ হলে আমরা চলে যাই। সকালে এসে দেখি চারপাশ ভাঙচুর করা।" গনি শাহের স্ত্রী রাশেদা জানান, ফুলের মালা, বাঁশের রেলিং ভেঙে গিলাফ নিয়ে গেছে। সংবাদ পেয়ে গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা আনোয়ার হোসেন ও গাংনী থানার ওসি ঘটনাস্থল পরিদর্শন করেন। অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। গাংনী থানার ওসি বানি ইসরাইল জানিয়েছেন, তদন্ত শেষে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

# একটি সিগারেটের ধোঁয়া: নীরব ঘাতক

রাব্বি আহমেদ



ধূমপান এখন কেবল ব্যক্তিগত অভ্যাস নয়, বরং এক ভয়াবহ সামাজিক ও পরিবেশগত সংকট। অনেকে মনে করেন, একটি সিগারেট টানলে ক্ষতি তেমন কিছু হয় না। কিন্তু বাস্তবতা সম্পূর্ণ ভিন্ন। একটি মাত্র সিগারেটের ধোঁয়া যেমন ধূমপায়ীর শরীর ধ্বংস করে, তেমনি আশেপাশের মানুষ ও পরিবেশকেও ক্ষতির দিকে ঠেলে দেয়। একটি সিগারেটের ধোঁয়ায় থাকে সাত হাজারেরও বেশি রাসায়নিক পদার্থ, যার অন্তত সত্তরটি ক্যানসার সৃষ্টি করে। ধোঁয়ার সঙ্গে এই বিষাক্ত উপাদানগুলো বাতাসে ছড়িয়ে গিয়ে পরিবেশকে মারাত্মকভাবে দূষিত করে।প্রতিটি সিগারেট পোড়ানোর ফলে প্রায় ১৪ গ্রাম কার্বন ডাইঅক্সাইড বাতাসে মিশে যায়। পৃথিবীতে প্রতিদিন কোটি কোটি সিগারেট পোড়ে, ফলে বছরে প্রায় ৮৪ মিলিয়ন টন কার্বন ডাইঅক্সাইড নির্গত হয়। এই গ্যাসগুলো জলবায়ু পরিবর্তন, তাপমাত্রা বৃদ্ধি ও সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধির জন্য দায়ী। এছাড়া সিগারেটের ধোঁয়ায় থাকা পিএম ২.৫ নামের ক্ষুদ্র কণাগুলো সহজে চোখে দেখা যায় না, কিন্তু বাতাসে ভেসে থেকে ফুসফুসে প্রবেশ করে শ্বাসযন্ত্রে ক্ষতি করে। ঘরের ভেতরে একটি সিগারেটের ধোঁয়াই ঘরের বাতাসকে দূষিত করে ফেলতে পারে। ধূমপায়ী নিজের ইচ্ছায় ধোঁয়া টানলেও আশেপাশের মানুষকে সে অনিচ্ছায় ধূমপান করায়। একে বলে পরোক্ষ ধূমপান বা 'সেকেন্ডহ্যান্ড স্মোক'। বিশ্ব স্বাস্থ্য সংস্থার তথ্য অনুযায়ী, প্রতিবছর প্রায় ১৩ লাখ মানুষ মারা যায় শুধু পরোক্ষ ধূমপানের কারণে। এদের অনেকে কখনো সিগারেট ধরেননি, কিন্তু ধূমপায়ীদের পাশে থাকার কারণে ধীরে ধীরে মারাত্মক রোগে আক্রান্ত হয়েছেন। শিশুরা সবচেয়ে বেশি ঝুঁকিতে থাকে। তাদের ফুসফুস এখনো পুরোপুরি বিকশিত হয় না ফলে ধোঁয়ার প্রভাবে তারা সহজেই শ্বাসকষ্ট, নিউমোনিয়া বা হাঁপানিতে আক্রান্ত হয়। গর্ভবতী নারীর শরীরে ধোঁয়া প্রবেশ করলে তা ভ্রূণের বৃদ্ধি ব্যাহত করে, শিশুর জন্মগত সমস্যা দেখা দেয়। অনেকে মনে করেন বাইরে ধূমপান করলে ক্ষতি কম হয়, কিন্তু যারা ঘরের মধ্যে ধূমপান করেন তারা নিজেদের পরিবারকে বিষাক্ত পরিবেশে রাখেন। একটি সিগারেটের ধোঁয়া ঘরের ভেতরে ঘণ্টার পর ঘণ্টা ভেসে থাকে। এতে শিশুরা, বয়স্করা এবং অসুস্থ মানুষ সবচেয়ে বেশি ক্ষতির শিকার হন। ধূমপান শুধু স্বাস্থ্যের ক্ষতি করে না, সমাজ ও অর্থনীতিকেও বিপর্যস্ত করে। ধূমপানজনিত রোগে চিকিৎসা খরচ বেড়ে যায়, কর্মক্ষম মানুষ অকালেই অসুস্থ হয়ে পড়ে। ফলে পরিবারে অর্থনৈতিক চাপ বাড়ে, উৎপাদনশীলতা কমে যায়। অন্যদিকে, ধূমপানের কারণে সৃষ্ট পরিবেশ দূষণ কৃষি উৎপাদন কমিয়ে দিতে পারে, যা জাতীয় অর্থনীতিতেও প্রভাব ফেলে। ধূমপানের ক্ষতি সম্পর্কে মানুষকে সচেতন করা এখন সময়ের দাবি। জনসমাগমস্থলে ধূমপান নিষিদ্ধ করা, তামাক বিজ্ঞাপন নিয়ন্ত্রণ এবং স্কুল-কলেজ পর্যায়ে ধূমপানের ক্ষতি নিয়ে শিক্ষামূলক প্রচারণা চালানো দরকার। একইসঙ্গে যারা ধূমপান ছাড়তে চান, তাদের সহায়তা দিতে হবে কাউন্সেলিং, নিকোটিন রিপ্লেসমেন্ট থেরাপি বা সাপোর্ট গ্রুপের মাধ্যমে। একটি সিগারেট কখনোই তুচ্ছ নয়। এটি শুধু একজন ধূমপায়ী নয়, বরং পুরো সমাজ ও পরিবেশের জন্য ক্ষতির কারণ। ধূমপানের ধোঁয়া এক নীরব ঘাতক যা প্রতিদিন কোটি মানুষের প্রাণ কেড়ে নিচ্ছে। এখনই সময়, ধূমপানের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলা এবং প্রতিটি মানুষকে সচেতন করা।

# পরিচ্ছন্নতা: মুমিনের বৈশিষ্ট্যের অপরিহার্য অংশ

মুহাম্মাদ মাহতাব হোসাইন

ইসলামে পরিচ্ছন্নতার গুরুত্ব অপরিসীম। 'তাহারাহ' অর্থ পবিত্রতা যা কুফরি ও গুনাহ থেকে মুক্তি এবং বাহ্যিক অপবিত্রতা থেকে শুদ্ধ থাকার প্রতীক। পবিত্রতা ছাড়া নামাজ শুদ্ধ হয় না। তাই বলা হয়, জান্নাতের চাবি যেমন নামাজ, তেমনি নামাজের চাবি হলো পবিত্রতা। আল্লাহ তাআলা পবিত্রতা অর্জনকারীদের প্রশংসা করে বলেন, "সেখানে এমন লোক আছে, যারা উত্তমরূপে পবিত্রতা অর্জন করতে ভালোবাসে। আর আল্লাহ পবিত্রতা অর্জনকারীদের ভালোবাসেন।" অন্য আয়াতে বলা হয়েছে, "নিশ্চয় আল্লাহ তওবাকারীদের ভালোবাসেন এবং ভালোবাসেন অধিক পবিত্রতা অর্জনকারীদের।" রাসুলুল্লাহ (সা.) পবিত্রতার মাহাত্ম্য তুলে ধরে বলেন, "পরিচ্ছন্নতা ইমানের অর্ধেক।" ইসলামে ব্যক্তিগত, পারিবারিক ও সামাজিক জীবনে পরিচ্ছন্নতার ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। শরীরে ধুলাবালু, ঘাম বা দুর্গন্ধ জমলে অন্তত সাত দিনে একবার গোসল করার নির্দেশ দেওয়া হয়েছে। দাঁত ও মুখের যত্নে মিসওয়াক ব্যবহারকে সুন্নত হিসেবে উৎসাহিত করা হয়েছে। নখ কাটা, গোঁফ ছোট করা ও অবাঞ্ছিত লোম পরিষ্কার রাখাও ইসলামী শিষ্টাচারের অংশ। শুধু শরীর নয়, ঘরবাড়ি ও পরিবেশ পরিচ্ছন্ন রাখাও ইসলামের শিক্ষা। রাসুল (সা.) বলেন, "নিশ্চয়ই আল্লাহ পবিত্র, তিনি পবিত্রতাকে ভালোবাসেন; আল্লাহ পরিচ্ছন্ন, তিনি পরিচ্ছন্নতাকে ভালোবাসেন... অতএব তোমরা তোমাদের উঠানগুলো পরিচ্ছন্ন রাখবে।" অতএব, একজন প্রকৃত মুমিনের জীবনে পরিচ্ছন্নতা কেবল বাহ্যিক নয় এটি আধ্যাত্মিক পরিশুদ্ধতারও প্রতীক। পবিত্রতার অভ্যাস একজন বিশ্বাসীকে আল্লাহর ভালোবাসা ও জান্নাতের যোগ্য করে তোলে।

## র‍্যাবের অভিযানে ইয়াবা উদ্ধার

(প্রথম পৃষ্টার পর)

পরিচালনা করে ৭৫ পিস ইয়াবা ট্যাবলেট, ১টি মোটরসাইকেল এবং ২০০৫ টাকা নগদ উদ্ধার করেছে। প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা গেছে, আসামী দীর্ঘদিন ধরে ইয়াবা ক্রয় ও বিক্রয় করে আসছিল এবং স্থানীয় যুবসমাজকে মাদকসেবনের দিকে প্ররোচিত করছিল। বিজ্ঞপ্তিতে তিনি আরো জানান, গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে ২০১৮ সালে মেহেরপুরের গাংনী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬(১) সারণি ১০(ক)/৩৮ ধারায় মামলা দায়ের করা হয়েছিল। র?্যাব-১২, সিপিসি-৩ নিয়মিত অভিযান চালিয়ে মাদকবিরোধী কার্যক্রম অব্যাহত রাখবে এবং মাদকমুক্ত বাংলাদেশ গঠনে অঙ্গীকারবদ্ধ।

## কল্যাণপুরে অগ্নিকাণ্ড: দুই পরিবারে

(প্রথম পৃষ্টার পর)

রাখবে বলে আশা করা হচ্ছে। স্থানীয়রা প্রশাসনের দ্রুত তৎপরতা ও মানবিক সহায়তা প্রশংসা করেছেন।

## মেহেরপুরের আলোকবর্তিকা সাবদার

(প্রথম পৃষ্টার পর)

শুরু হয় তাঁর আলোকিত শিক্ষাজীবন। মেহেরপুর সরকারি হাই স্কুল, মেহেরপুর সরকারি বালিকা বিদ্যালয় এবং কবি নজরুল শিক্ষা মঞ্জিল প্রতিষ্ঠা ও বিকাশে তাঁর অবদান আজও অম্লান। তিনি শুধু প্রধান শিক্ষকই ছিলেন না, সরকারি করণ ও অর্থনৈতিক সহযোগিতায়ও গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। ইংরেজি বিষয়ের শিক্ষক হিসেবে সর্বজনের প্রিয় ছিলেন তিনি। তবে প্রায় সব ক্লাসে পাঠদান করতেন, শিক্ষার্থীদের সঙ্গে সম্পর্ক ছিল নিবিড় ও মানবিক। কঠোর শৃঙ্খলাবোধের পাশাপাশি ছাত্রদের ভবিষ্যৎ গঠনে তিনি ছিলেন এক অক্লান্ত প্রেরণাদাতা।শিক্ষার বাইরে সমাজসেবায়ও তিনি রেখে গেছেন স্মরণীয় অবদান। ১৯৩৬ থেকে ১৯৫৮ সাল পর্যন্ত মেহেরপুর আদালতের অবৈতনিক ম্যাজিস্ট্রেট হিসেবে দায়িত্ব পালন করেন। একই সঙ্গে মেহেরপুর অঞ্চলের নয়টি ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট হিসেবেও কাজ করেছেন। ১৯৪৪ সালে তৎকালীন বেঙ্গল গভর্নমেন্ট তাঁকে শ্রেষ্ঠ অবৈতনিক ম্যাজিস্ট্রেট হিসেবে স্বর্ণপদক দিয়ে ভূষিত করে। দেশ ভাগের পর মেহেরপুরের শিক্ষা ব্যবস্থার অচল অবস্থা কাটাতে তিনি ১৯৫০ সালে হাই স্কুলের প্রধান শিক্ষকের দায়িত্ব গ্রহণ করেন। হাইস্কুল সরকারি হওয়ার পূর্ব পর্যন্ত তিনি বিদ্যালয়ের নেতৃত্বে ছিলেন। দরিদ্র ছাত্রদের জন্য তিনি মাধ্যমিক পর্যায়ে কবি নজরুল শিক্ষা মঞ্জিল প্রতিষ্ঠা করেন। শিক্ষকতা জীবনের পাশাপাশি তিনি রাজনীতিতেও সক্রিয় ছিলেন। ১৯৪৭ থেকে ১৯৭১ সাল পর্যন্ত মুসলিম লীগের মেহেরপুর জেলা সভাপতির দায়িত্ব পালন করেন এবং পাকিস্থান মুসলিম লীগের কেন্দ্রীয় কমিটির সদস্য ছিলেন। ১৯৫৪ সালের নির্বাচনে মুসলিম লীগের প্রার্থী হয়ে অল্প ভোটের ব্যবধানে পরাজিত হন।

ব্যক্তিত্বে তিনি ছিলেন কৃতি শিক্ষাবিদ, সমাজসেবক ও আদর্শবান মানুষ। ছয় সন্তানের জনক এই মহান শিক্ষানুরাগী ১৯৮১ সালের ৩০ অক্টোবর মৃত্যুবরণ করেন। মেহেরপুর জেলা শহরে সাবদার আলী স্মৃতি সংসদ তাঁর নামে প্রতিষ্ঠিত, যা ২০০২ সাল পর্যন্ত কৃতি শিক্ষার্থীদের পুরস্কার বিতরণ করে আসছে। আজও মেহেরপুরের মানুষ তাঁর জীবন ও শিক্ষাজীবনকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করে। তাঁর কর্ম ও চিন্তা যেন আজও শিক্ষার আলো ছড়িয়ে যাচ্ছে সময়ের সীমানা পেরিয়ে।

## বিদ্যুৎস্পৃষ্টে নিহতের পরিবারকে

(প্রথম পৃষ্টার পর)

পরিষদের সদস্য (প্রার্থী) আসাদুজ্জামান মিলন, স্থানীয় নেতা এরশাদ হোসেন, তৌহিদুল ইসলামসহ অন্যান্য নেতৃবৃন্দ। নিহতের পরিবারের একমাত্র উপার্জনক্ষম সদস্য আমজাদ হোসেনের অকাল মৃত্যুতে পরিবারটি গভীর আর্থিক সংকটে পড়েছিল। এই পরিস্থিতি লক্ষ্য করে মেহেরপুর জেলা জামায়াতে ইসলামী মানবিক দায়িত্ববোধ থেকে এ সহায়তা প্রদান করেছে।

## আরআই বাকীকে এএসপি পদে

(প্রথম পৃষ্টার পর)

এবং অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এন্ড অপস্) আতিকুল হক উপস্থিত ছিলেন। নতুন পদে পদোন্নতি পাওয়া কর্মকর্তা মোঃ আফজাল হোসেন বাকীর উজ্জ্বল কর্মজীবনের জন্য শুভেচ্ছা জানানো হয়।

## ইহসানুন দরবারে ওরস মোবারক

(প্রথম পৃষ্টার পর)

নিজামী (রহঃ)-এর ২৫তম তিরোধান দিবস উপলক্ষে পবিত্র ওরস অনুষ্ঠিত হবে। আজ শনিবার মেহেরপুরের কান্দবপুরে ইহসানুন দরবার শরীফ

সন্ধ্যা ৬ টা থেকে সারারাত চলবে ভক্তি, প্রেম ও আত্মজ্ঞান মেলা। স্থানীয় ভক্ত ও সাধারণ মানুষরা প্রেম, ভক্তি ও আত্মিক জ্ঞানের আলোয় আত্মাকে পরিশুদ্ধ করার উদ্দেশ্যে এই মহামিলনে অংশগ্রহণ করবেন।দরবার কর্তৃপক্ষ সবাইকে আন্তরিকভাবে আমন্ত্রণ জানিয়েছেন।

## আলমডাঙ্গায় যৌথ অভিযানে অস্ত্রসহ

(প্রথম পৃষ্টার পর)

আটককৃতরা হলেন নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের নেতা তারিফ হাসান (৩২) এবং এরশাদপুর গ্রামের আওয়ামী লীগের সক্রিয় কর্মী রুহুল আমিন (৪৫)। তারিফ উপজেলা আওয়ামী লীগের ধর্ম বিষয়ক সম্পাদক নওদা বন্ড বিল গ্রামের ঠাণ্ডু রহমানের ছেলে। আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ মাসুদুর রহমান জানান, "অস্ত্রসহ দুইজনকে আটক করে থানায় হস্তান্তর করা হয়েছে। আইনগত প্রক্রিয়া চলমান।" ঘটনাস্থল থেকে একটি অ্যান্ড্রয়েড মোবাইল ফোনও উদ্ধার করা হয়েছে। উদ্ধারকৃত আলামত ও আটককৃতদের পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

## জুলাই আন্দোলনে সরকারের ভুল

(প্রথম পৃষ্টার পর)

এক সাক্ষাৎকারে তিনি এ মন্তব্য করেন। জয় বলেন, "সব মৃত্যুই দুঃখজনক। প্রতিটি ঘটনার বিস্তারিত তদন্ত হওয়া উচিত।" তিনি স্বীকার করেন, আন্দোলন চলাকালে সরকারের কিছু সিদ্ধান্ত "ভুল" ছিল, যা সহিংসতা বাড়াতে ভূমিকা রেখেছিল। তবে গত বছরের সহিংস আন্দোলনে জড়িতদের দায়মুক্তি দেওয়ার সিদ্ধান্তে ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন সরকারের সমালোচনা করেন জয়। তার অভিযোগ, বর্তমান সরকার "রাজনৈতিক প্রতিশোধের" অংশ হিসেবে শেখ হাসিনার বিরুদ্ধে মানবতাবিরোধী অপরাধের অভিযোগ এনেছে।জয় বলেন, "ড. ইউনূসের সরকার আসলে আমার মাকে রাজনীতি থেকে সরিয়ে দিতে চায়। এই বিচার প্রক্রিয়া রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত।" জুলাই আন্দোলনে নিহতের সংখ্যা নিয়ে জাতিসংঘের প্রতিবেদনের কথা তুলে জয় জানান, ওই প্রতিবেদনে বলা হয়েছিল, আন্দোলনে প্রায় ১ হাজার ৪০০ জন নিহত হতে পারে। অন্যদিকে, তৎকালীন সরকারের স্বাস্থ্য উপদেষ্টার হিসাবে নিহতের সংখ্যা ছিল প্রায় ৮০০। অংশগ্রহণমূলক নির্বাচন ছাড়া বর্তমান সরকার "রাজনৈতিকভাবে অস্থির থাকবে" বলে মন্তব্য করেন জয়। তিনি বলেন, "স্বচ্ছ ও অবাধ নির্বাচন নিশ্চিত করতে হলে আওয়ামী লীগের ওপর থেকে নিষেধাজ্ঞা তুলে নিতে হবে। এখন যা হচ্ছে তা আসলে আমার মা এবং রাজনৈতিক নেতাদের নির্বাচন থেকে দূরে রাখার চেষ্টা।" তিনি সতর্ক করে বলেন, দেশে রাজনৈতিক শূন্যতা তৈরি হলে "ইসলামপন্থিরা লাভবান হতে পারে।" তার দাবি, ড. ইউনূস একটি "কারসাজিপূর্ণ নির্বাচন" আয়োজনের চেষ্টা করছেন, যেখানে আওয়ামী লীগকে বাদ দেওয়া হচ্ছেড়া হবে "এক প্রহসনমূলক নির্বাচন"। ইউনূস সরকারের বিরুদ্ধে মানবাধিকার লঙ্ঘনের অভিযোগও তুলেছেন সজীব ওয়াজেদ জয়। তার দাবি, আওয়ামী লীগের শত শত নেতা-কর্মী এক বছরেরও বেশি সময় ধরে কারাগারে রয়েছেন এবং তাদের জামিন দেওয়া হচ্ছে না। জয়ের ভাষায়, "আওয়ামী লীগ ক্ষমতাচ্যুত হওয়ার পর থেকে প্রায় ৫০০ নেতা-কর্মীকে হত্যা করা হয়েছে, যার মধ্যে ৩১ জন জেল হেফাজতে মারা গেছেন।" জয়ের এই সাক্ষাৎকারে তিনি একদিকে জুলাই আন্দোলনে সরকারের কিছু 'ভুল সিদ্ধান্ত' স্বীকার করেছেন, অন্যদিকে বর্তমান সরকারের "রাজনৈতিক প্রতিশোধমূলক কর্মকাণ্ড" নিয়েও কঠোর সমালোচনা করেছেন। রাজনৈতিক বিশ্লেষকদের মতে, জয়ের এই মন্তব্য বাংলাদেশের চলমান রাজনৈতিক অচলাবস্থাকে নতুন মাত্রা দিতে পারে।

## দৌলতপুরে সৎ ভাইকে হত্যা

(প্রথম পৃষ্টার পর)

ছেলেদের ওপর হামলা চালায়। এতে ধারালো অস্ত্রের আঘাতে জাহিদুল ইসলাম ঘটনাস্থলেই নিহত হন। এ ঘটনায় তিনজন আহত হয়ে হাসপাতালে চিকিৎসাধীন। দৌলতপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সোলাইমান শেখ বলেন, ??'জমি সংক্রান্ত বিরোধের জেরে সৎভাইয়ের হাতে জাহিদুল ইসলাম নিহত হয়েছেন। পুলিশ ঘটনাস্থল থেকে মরদেহ উদ্ধারে করে ময়নাতদন্তের জন্য লাশ মর্গে পাঠিয়েছে।'

## জানালেন ফখরুল

(শেষ পৃষ্টার পর)

প্রধানমন্ত্রী হবেন। আর যদি তা না হয়, তাহলে ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান প্রধানমন্ত্রী হবেন এ ব্যাপারে কোনো সন্দেহ নেই।" দুই মামলায় কারাগারে যাওয়ার পর দীর্ঘদিন ধরে রাজনীতির বাইরে রয়েছেন বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়া। তিনি নির্বাচনে অংশ নেবেন কি না, সে বিষয়ে ফখরুল বলেন, "এটা নির্ভর করবে তার স্বাস্থ্যের ওপর। যদি তার স্বাস্থ্য ভালো থাকে, তাহলে নিশ্চয়ই অংশ নেবেন। আর যদি ভালো না থাকেন, তাহলে ডাক্তারদের পরামর্শ অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।" উল্লেখ্য, গত বছরের ৫ আগস্ট ছাত্র-জনতার আন্দোলনের মুখে আওয়ামী লীগ সরকারের পতনের পর ফের আলোচনায় আসেন সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া। বিএনপির নির্বাচনী ইশতেহার প্রসঙ্গে মির্জা ফখরুল বলেন, "আমরা ইশতেহারের ওপর কাজ করছি। এতে ৩১ দফার কাঠামো থাকবে। দেশের গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলোকে শক্তিশালী করা এবং অর্থনীতিকে পুনরুজ্জীবিত করাই হবে বিএনপির প্রধান লক্ষ্য।" তিনি আরও জানান, দেশে বর্তমানে ভঙ্গুর অর্থনীতিকে টেকসই অবস্থানে নেওয়া ও কর্মসংস্থান সৃষ্টি তাদের অগ্রাধিকার পাবে। বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের দেশে ফেরার বিষয়ে ফখরুল বলেন, "তফসিল ঘোষণার আগে বা পরে নয়, কয়েকটি সমস্যা দূর হলে খুব শিগগিরই তিনি দেশে ফিরবেন।"

## প্রেস সচিব

(শেষ পৃষ্টার পর)

তিনি আরও বলেন, গত ১৫ বছরে দেশে প্রায় ১০ থেকে ১৫ হাজার নির্বাচন অনুষ্ঠিত হলেও সেগুলোর অধিকাংশেই অনিয়ম ছিল। "প্রত্যেক নির্বাচনে চুরি হয়েছে। তখনকার এমপিরা ঘুস খেতেন, ঠিকাদারি নিতেন। কে প্রার্থী হবে, কোথায় বসানো হবেড়সব কিছু টাকার বিনিময়ে বিক্রি হয়ে যেত," যোগ করেন তিনি। 'জমিদারি প্রথার মতো রাজনীতি চালু করেছিল তারা' ইতিহাসের উদাহরণ টেনে প্রেস সচিব বলেন, "ইস্ট ইন্ডিয়া কোম্পানি ১৭৯২ সালে পার্মানেন্ট সেটেলমেন্টের মাধ্যমে দেশকে জমিদারদের হাতে তুলে দিয়েছিল। তেমনি তারাও একপ্রকার জমিদারি চালু করেছিল ইচ্ছেমতো যাকে যেখানে খুশি বসিয়েছেন।" আগামী ফেব্রুয়ারির প্রথমার্ধে জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে জানিয়ে শফিকুল আলম বলেন, "এটি বাংলাদেশের ইতিহাসে অন্যতম শান্তিপূর্ণ, অবাধ, সুষ্ঠু ও গ্রহণযোগ্যড় 'পিসফুল, ফ্রি, ফেয়ার অ্যান্ড ক্রেডিবল' নির্বাচন হবে।" সকালে তিনি জুলাই স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জানান। এ সময় মাগুরার অতিরিক্ত জেলা প্রশাসক আবদুল কাদের, আরডিসি উম্মে তাহমিনা মিতুসহ প্রশাসনের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

## ইসকন নিষিদ্ধসহ ৬ দাবিতে

(শেষ পৃষ্টার পর)

নিরপেক্ষ তদন্তের মাধ্যমে দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি; ৫. রাষ্ট্রীয় পর্যায়ে 'কাঠামোগত ইসলামবিদ্বেষ' রোধে জাতীয় নীতি ও কর্মপরিকল্পনা প্রণয়ন; ৬. মুসলিম নারীর সম্মান ও নিরাপত্তা রক্ষায় আইনি কাঠামো গঠন এবং ইসলামবিদ্বেষ-বিরোধী কর্মীদের নিরাপত্তা নিশ্চিত করা। বিক্ষোভ সমাবেশে বক্তব্য রাখেন সংগঠনটির প্রেসিডিয়াম সদস্য ডা. মেহেদী হাসান, সদস্য আহমেদ রফিক, ও ইসলামি বক্তা মুহাম্মদ জসীমউদ্দিন রহমানী প্রমুখ। এসময় আহমেদ রফিক অভিযোগ করে বলেন, "এক খতিব ইসকনের বিরুদ্ধে কথা বলায় তাকে অপহরণ করা হয়। অথচ রাষ্ট্র চুপচাপ তামাশা দেখছে। প্রশাসন অপরাধীদের বাঁচানোর চেষ্টা করছে। সমাজের সুশীল অংশও নীরব।" "কেউ কেউ ইসলামি রাজনীতির কথা বলেন, কিন্তু যখন কোরআন বা রাসুলকে অবমাননা করা হয়, তখন তাদের দেখা যায় না।" মুহাম্মদ জসীমউদ্দিন রহমানী বলেন, "ইসকন শুধু হিন্দু সংগঠন নয়, এটি ইহুদি স্বার্থে গঠিত একটি চরমপন্থি গোষ্ঠী। তারা একের পর এক অপরাধ করেও পার পাচ্ছে।" প্রেসিডিয়াম সদস্য ডা. মেহেদী হাসান বলেন, "আমরা বিচার চাইতে এসেছি। সরকার যদি ন্যায়বিচার করে, আমরা শান্ত থাকব। কিন্তু বিচারহীনতার প্রহসন চলতে থাকলে জনগণ মুখে চুপ থাকলেও মনে ক্ষোভ জমবে।" সমাবেশ শেষে অংশগ্রহণকারীরা একটি বিক্ষোভ মিছিল নিয়ে শাপলা চত্বরের দিকে অগ্রসর হন।

## গাজা এখন 'উন্মুক্ত মাইনফিল্ড' বোম সরাতে লাগবে ২০/ ৩০ বছর

সূর্যোদয় প্রতিবেদন

দুই বছর ধরে চলমান ইসরায়েলি বোমা হামলায় গাজা উপত্যকার প্রায় পুরো অঞ্চল এখন 'উন্মুক্ত মাইনফিল্ড'-এ পরিণত হয়েছে। মানবাধিকার সংস্থা হিউম্যানিটি অ্যান্ড ইনক্লুশন (ঐও) জানিয়েছে, গাজার প্রতিটি ইঞ্চি ভূমিতেই এখন লুকিয়ে আছে অবিস্ফোরিত গোলাবারুদ, যা সরাতে ২০ থেকে ৩০ বছর পর্যন্ত সময় লাগতে পারে। সংস্থাটির প্রতিবেদনে গাজাকে বর্ণনা করা হয়েছে একটি "ভয়াবহ, অচিহ্নিত মাইনফিল্ড" হিসেবে। সংস্থার বিস্ফোরক বিশেষজ্ঞ নিক ওর বলেন, "সম্পূর্ণভাবে গাজাকে বোমামুক্ত করা কার্যত অসম্ভব। অনেক বিস্ফোরক মাটির গভীরে রয়ে যাবে, যা প্রজন্মের পর প্রজন্ম ঝুঁকি তৈরি করবে।" তার মতে, শুধুমাত্র হাসপাতাল, স্কুল ও গুরুত্বপূর্ণ স্থাপনা ঘিরে অবিস্ফোরিত বোমা শনাক্ত ও অপসারণের কাজ আগামী সপ্তাহে শুরু করা হবে। জাতিসংঘের হিসাব অনুযায়ী, গত দুই বছরে ইসরায়েলি বোমা বিস্ফোরণের কারণে কমপক্ষে ৫৩ জন নিহত ও শতাধিক আহত হয়েছেন। তবে জাতিসংঘ আশঙ্কা করছে, প্রকৃত সংখ্যা এর চেয়ে অনেক বেশি হতে পারে। সম্প্রতি মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের মধ্যস্থতায় যুদ্ধবিরতি কার্যকর হলেও গাজার ধ্বংসস্তূপের নিচে বিপুল পরিমাণ অবিস্ফোরিত বোমা রয়ে গেছে। রাফা ক্রসিংসহ সীমান্তপথগুলো দিয়ে ত্রাণ ও পুনর্গঠন সামগ্রী প্রবেশে এখনও বাধা দিচ্ছে ইসরায়েল। এতে করে ধ্বংসস্তূপ অপসারণ ও মানবিক সহায়তা কার্যক্রম কার্যত স্থবির হয়ে পড়েছে। গাজা পুনর্গঠনের জন্য ৬ হাজার ৭০০ কোটি মার্কিন ডলার প্রয়োজন হবে বলে জাতিসংঘ জানিয়েছে। বর্তমানে গাজায় প্রায় ৫৫০ কোটি টন ধ্বংসস্তূপ জমে আছে, যা সরাতেই অন্তত ২ হাজার কোটি ডলার খরচ হতে পারে। জাতিসংঘের পরিকল্পনা অনুযায়ী, এ অর্থের বড় অংশ বেসরকারি বিনিয়োগ ও মধ্যপ্রাচ্যের মুসলিম রাষ্ট্রগুলো থেকে আসবে। গাজার স্বাস্থ্য মন্ত্রণালয়ের সর্বশেষ পরিসংখ্যান অনুযায়ী, ২০২৩ সালের ৭ অক্টোবর থেকে শুরু হওয়া ইসরায়েলি আগ্রাসনে এখন পর্যন্ত ৬৮ হাজার ২০০ জনেরও বেশি ফিলিস্তিনি নিহত এবং ১ লাখ ৭০ হাজার ৩০০ জনের বেশি আহত হয়েছেন।